# ইরানে নতুন মার্কিন হামলায় বিশ্ববাজারে তেলের দামে ঊর্ধ্বগতি



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের নতুন সামরিক অভিযানের পর ইরানকে ঘিরে মধ্যপ্রাচ্যে উত্তেজনা আরও বেড়েছে। এর সরাসরি প্রভাব পড়েছে আন্তর্জাতিক জ্বালানি বাজারে, যেখানে আবারও বৃদ্ধি পেয়েছে অপরিশোধিত তেলের দাম। আন্তর্জাতিক সংবাদমাধ্যম রয়টার্স এ তথ্য জানিয়েছে।

বৃহস্পতিবার (৯ জুলাই) বিশ্ববাজারে ব্রেন্ট ক্রুড অয়েলের দাম ব্যারেলপ্রতি ৭৮ সেন্ট বা প্রায় ১ শতাংশ বৃদ্ধি পেয়ে ৭৮ দশমিক ৮০ ডলারে পৌঁছায়। একই সময়ে যুক্তরাষ্ট্রের বেঞ্চমার্ক ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (WTI) ক্রুডের দাম ৭৪ সেন্ট বা ১ দশমিক ০১ শতাংশ বেড়ে দাঁড়ায় ব্যারেলপ্রতি ৭৪ দশমিক ২৬ ডলারে।

বাজার বিশ্লেষকদের মতে, বুধবার লেনদেন শেষ হওয়ার পর যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী ইরানে নতুন করে হামলা শুরু করলে বিনিয়োগকারীদের মধ্যে জ্বালানি সরবরাহ নিয়ে উদ্বেগ তৈরি হয়। এর ফলে ব্রেন্ট ও ডব্লিউটিআই উভয় ধরনের অপরিশোধিত তেলের দাম এক ডলারেরও বেশি বেড়ে যায়।

এর আগেই দিনের বাণিজ্য শেষে দুই ধরনের তেলের মূল্য দুই সপ্তাহেরও বেশি সময়ের মধ্যে সর্বোচ্চ অবস্থানে পৌঁছেছিল। মধ্যপ্রাচ্যের চলমান অস্থিরতা বিশ্ব জ্বালানি বাজারের পাশাপাশি যুক্তরাষ্ট্রের আর্থিক বাজারেও প্রভাব ফেলেছে। এ সময় মার্কিন সরকারি বন্ড এবং ট্রেজারি ফিউচার্স সূচকেও দরপতন দেখা যায়।

LENS ASIA